

অস্থিরতা ও হতাশার আবর্তে শিক্ষার্থীকুল

রাজশাহীর শিক্ষাগানে বহুমুখী সংকট

আবুল হোসেন মালেক-১।
 উত্তরাঞ্চলীয় শিক্ষানগরী রাজশাহী
 এখন শিক্ষা সংকটে পড়িয়াছে।
 ভাল কলেজগুলিতে শিক্ষার পরি-
 বেশ বিনষ্ট হইয়া পড়িয়াছে।
 ইচ্ছা থাকা সত্ত্বেও হাজার হাজার
 ছাত্র-ছাত্রী ভর্তি হইতে না পারিয়া
 হতাশাগ্রস্ত হইয়া ফিরিয়া যাইতেছে।
 যাহারা ভর্তি হইয়াছে তাহাদের
 মধ্যেও শতকরা অন্তত ৩০ ভাগ
 ভাল ফল করিতে পারিবে না আশং-
 কায় পরীক্ষা ড্রপ করিতেছে অথবা
 পরীক্ষায় ফেল করিয়া বসিতেছে।
 ছাত্র সংগঠনগুলির মধ্যে হানাহানি
 অধ্যক্ষ ও অধ্যাপক লালিত হওয়া,
 বোমাবাজি ও অস্ত্রবাজিতে সরকারী
 কলেজগুলির পরিবেশ ভয়াবহ হইয়া
 উঠিয়াছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়
 কলেজকে সন্ত্রাসের হাত হইতে
 রক্ষা করিবার জন্য অনিদিষ্টকালের
 জন্য বন্ধ ও ছাত্রসংসদ নির্বাচন
 স্থগিত ঘোষণা করা হইয়াছে।
 এই অস্থিরতা ও হানাহানির
 পশ্চাতে কোন রাজনৈতিক কারণ
 নাই বলিয়া ছাত্র সংগঠনগুলি দাবী
 করে। অধিক হারে ছেলে-মেয়েদের
 পড়াশোনার সুযোগ করিয়া দেও-
 য়ার জন্য তাহারা বধিত কোটার
 দাবী করিতেছে বলিয়া দাবী

করা হয়। ছাত্র সংগঠনগুলির
 সদস্য সংখ্যা বৃদ্ধির চেষ্টা চলি-
 তেছে এই বক্তব্য রাখিয়া। রাজ-
 শাহীর ৪টি সরকারী কলেজের
 মধ্যে রাজশাহী বিশ্ববিদ্যালয়
 কলেজ, সিটি কলেজ এবং নিউ
 গভর্নমেন্ট ডিগ্রী কলেজে এই
 সমস্যা প্রকট। সবকয়টি কলেজ
 মিলিয়া ২২৭৫ জন ছাত্র-ছাত্রীর
 ভর্তির সুযোগ রহিয়াছে।

ছাত্র সংগঠন ও রাজনৈতিক দল-
 গুলির দাবী ও সুপারিশে গড়ে
 আরো ২৫০ জনের মতো ছাত্র-
 ছাত্রী ভর্তি করা যায়। কিন্তু
 চলতি বছরে আরও কোটা বৃদ্ধির
 দাবী করা হইয়াছে।

এবারে রাজশাহী কলেজসহ সব
 কয়টি কলেজে মোট আবেদনপত্র
 পড়িয়াছে ৯৫০০। দুই হাজার
 পাঁচশত জন ভর্তি হইলেও বাকী
 ৭০০০ ছেলেমেয়ে সরকারী কলেজ-
 গুলিতে ভর্তি হইতে পারিতেছে না।
 ইহাদের মধ্যে প্রায় সাড়ে ৪ হাজার
 প্রথম বিভাগে এবং বাকীরা দ্বিতীয়
 বিভাগে উত্তীর্ণ। অনেকেই বিভা-
 গের দূর-দুরান্ত জেলা ও উপজেলা
 এবং গ্রামাঞ্চল হইতে উচ্চশিক্ষা
 লাভের আশায় বিভাগীয় শিক্ষা-
 নগরী রাজশাহীতে আসিয়া থাকে।

ছাত্র সংগঠনগুলির দাবী এবং
 শিক্ষা-প্রসারের উদার মনোভাব
 থাকিলেও কলেজ কর্তৃপক্ষ নিরু-
 পায় হইয়া পড়েন। রাজশাহী
 কলেজের বিজ্ঞানে ২৫০, মান-
 বিকে ২৫০ এবং বাণিজ্যে
 ২৫০টি করিয়া আসন। দুই
 সেকশনে পড়াইতে হয়। শিক্ষক,
 পাঠকক্ষ, সরঞ্জাম এবং বহিরাগত
 ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাস সমস্যা
 প্রকট। অপরদিকে নিউ ডিগ্রী
 কলেজে দুইটি মাত্র ছাত্রাবাস কিন্তু
 সিটি কলেজে কোন ছাত্রাবাস
 নাই। এই সকল সমস্যা সমা-
 ধানের জন্যও কলেজ ছাত্র সংসদ,
 ছাত্র সংগঠনগুলি দীর্ঘদিন ধরিয়া
 আন্দোলন করিয়া আসিতেছে।
 এইসব সমস্যার কারণে রাজশাহী
 কলেজে প্রতিবছর প্রায় একশতের
 মতো ছাত্র পরীক্ষায় খারাপ ফল
 করে বলিয়া কলেজ অধ্যক্ষরা
 স্বীকার করেন। তাহাদের মতে
 পাঠকক্ষ, শিক্ষক, সরঞ্জাম ও
 সেকশন বৃদ্ধি করিয়া ইহার সমা-
 ধান সম্ভব।

২৫

৩৭